# সিপিআই (মাওবাদী) সম্পাদক শহিদ কমরেড বাসবরাজ ও সহযোদ্ধা কমরেডগণের স্মরণে
# শোক ও শ্রদ্ধাঞ্জলি

২১ মে ২০২৫– ভারতের ছত্রিশগড় ও তেলেঙ্গানা রাজ্যের সীমান্তবর্তী নারায়ণপুরে হিন্দুত্ববাদী ফ্যাসিস্ট মোদি-অমিতশাহ সরকার কর্তৃক বর্বর হত্যার শিকার ভারতের কমিউনিস্ট পার্টি (মাওবাদী)'র সাধারণ সম্পাদক কমরেড নাম্বালা কেশবরাও 'বাসবরাজ'সহ ২৮ জন সহযোদ্ধা ও কুখ্যাত "কাগার" অপারেশনে গণহত্যার শিকার বিপ্লবী জনগণের প্রতি আমাদের পার্টি আবেগঘন শ্রদ্ধা ও সর্বহারা আন্তর্জাতিকতাবাদী বিপ্লবী সালাম জানাচ্ছে। এবং পার্টি পতাকা অর্ধনমিত করছে।

আমরা সিপিআই (মাওবাদী)'র কেন্দ্রীয় কমিটি, সকল পার্টি-সদস্য, পিপলস লিবারেশন গেরিলা আর্মি (পিএলজিএ), জনাতন সরকার, ভারতের সর্বহারা শ্রেণি এবং শহিদদের শোক সন্তপ্ত পরিবারসহ ব্যাপক বিপ্লবী জনগণের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি।

একইসঙ্গে মাওবাদী নির্মূলের নামে গণহত্যা ও ধ্বংসাত্মক নির্মম দমনাভিযানের বিরুদ্ধে তীব্র ক্ষোভ ও নিন্দা প্রকাশ করছি।

কমরেড বাসবরাজের শহিদি মৃত্যু ভারতের জনগণের জন্য এবং সারা দুনিয়ার শোষিত ও নিপীড়িত জনগণের জন্য এক অপূরণীয় ক্ষতি। তিনি জনগণের সেবায় সম্পূর্ণ নিবেদিতপ্রাণ জীবন যাপন করেছিলেন এবং ভারতের বিকাশমান মাওবাদী আন্দোলনকে বিগত প্রায় ৭/৮ বছর যাবৎ দক্ষতার সঙ্গে নেতৃত্ব দিয়েছিলেন।

সাম্রাজ্যবাদের দালাল ফ্যাসিস্ট মোদি-অমিত শাহ সরকার কমরেডদের মৃত্যুতে উন্মত্ত উল্লাস প্রকাশ করছে। যেন বিপ্লব শেষ হয়ে গেছে। তারা দিবা স্বপ্ন দেখছে।

আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, এই উল্লাস ব্যর্থ প্রমাণ করে ভারতের মাওবাদী আন্দোলন আরো বেশি শক্তিশালী হয়ে ফিরে আসবে। এবং অপরাজেয় গণযুদ্ধের মধ্যদিয়ে নয়াগণতান্ত্রিক বিপ্লব সফল করে সমাজতন্ত্র-কমিউনিজমের পথকে প্রশস্ত করবে ।

কমরেড চারু মজুমদার শহিদ হওয়ার পর সমস্ত প্রতিকূলতা সংগ্রাম করে আজ যেভাবে মাওবাদীরা শাসক শ্রেণির সবচেয়ে বড় হুমকি হয়ে দাঁড়িয়েছে, তেমনি বিপ্লব না হওয়া পর্যন্ত উত্থান-পতনের মধ্যদিয়ে মাওবাদী আন্দোলন এগিয়ে যাবে – এটাই ইতিহাসের বাস্তবতা। ভারতের মাওবাদী আন্দোলন নকশালবাড়ির ধারাবাহিকতায় অনেকবারই তা প্রমাণ করেছে।

কমরেড বাসবরাজ এবং অগণিত বিপ্লবী ও জনগণের আত্মত্যাগ, বীরত্ব ও শহিদের স্মৃতি সর্বদা ভারতের ও বিশ্বের নিপীড়িত জাতি-জনগণের অনুপ্রেরণার উৎস হয়ে থাকবে।

* মহান মাওবাদী কমরেড চারু মজুমদার বলেছিলেন, "শ্রীকাকুলাম ভারতবর্ষের ভবিষ্যতের ইতিহাস" (দেশব্রতী ১৪ জুলাই, ১৯৭০)। সেই শ্রীকাকুলামের মাওবাদী ক.বাসবরাজ লাল সালাম!

* আন্তর্জাতিকতাবাদ– জিন্দাবাদ!

* মার্কসবাদ-লেনিনবাদ-মাওবাদ– জিন্দাবাদ!

– কেন্দ্রীয় কমিটি,
পিবিএসপি/বাংলাদেশ।
২৫ মে ২০২৫